# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 16.07.2024 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) ২০১৬ সালে স্কুল সার্ভিস কমিশনের গোটা প্যানেলকে বাতিল করা নিয়ে হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে দায়ের করা মামলার আজ সুপ্রিম কোর্টে শুনানি হতে পারে।

২) কলকাতা হাইকোর্টে মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে রাজ্যপালের দায়ের করা মানহানির মামলার শুনানি শেষ হলেও নির্দেশ স্থগিত রাখা হয়েছে।

৩) রাজীব কুমার রাজ্য পুলিশের মহানির্দেশক পদে ফিরেছেন। একইসঙ্গে রাজ্য প্রশাসনিকস্তরে রদবদল করা হয়েছে।

৪) মাওবাদী হামলায় যাবজ্জীবন সাজা প্রাপ্ত জেলবন্দি অর্নব দামের পি এইচ ডি-র জন্য অবশেষে সম্পন্ন হয়েছে কাউন্সেলিং ।

oooooooooooooooooooooo

২০১৬ সালে স্কুল সার্ভিস কমিশনের গোটা প্যানেলকে বাতিল করা নিয়ে হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে দায়ের করা মামলার আজ সুপ্রিম কোর্টে শুনানি হতে পারে। হাইকোর্টের বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি সব্বর রসিদির ডিভিশন বেঞ্চ ২৫ হাজার ৭৫৩ জন গ্রুপ সি,

গ্রুপ ডি, নবম-দশম এবং একাদশ – দ্বাদশের  শিক্ষক ও শিক্ষা কর্মীর চাকরি বাতিলের নির্দেশ দেন। এরপরই রাজ্য সরকার ও এস এস সি – এই রায়কে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়। হাইকোর্টে অযোগ্য প্রার্থীদের হিসেব দেওয়া সত্ত্বেও কেন পুরো প্যানেল বাতিল করা হলো তা নিয়ে এস এস সি প্রশ্ন তোলে। শীর্ষ আদালত এই রায়ে স্থগিতাদেশ দিয়েছিল। এই বিপুল সংখ্যক চাকরি থাকবে না বাতিল হবে তা আজই স্পষ্ট হতে পারে বলে মনে করা হচ্ছে।

oooooooooooooooooooooo

নিয়োগ দুর্নীতি মামলায় তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দোপাধ্যায়ের সম্পত্তির খতিয়ান জানতে চাওয়া এবং ৯৪ জন প্রাথমিক শিক্ষককে চাকরি বাতিল সংক্রান্ত মামলার ওপর সুপ্রিম কোর্ট স্থগিতাদেশ দিয়েছে। বিচারপতি অভয় এস ওক এবং বিচারপতি অগাস্টিন জর্জ মাসিহ-র বেঞ্চ আপাতত ওই ৯৪ জন শিক্ষক-কে পুনর্বহাল করার নির্দেশ দিয়েছেন।

এর আগে হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহা, অভিষেক বন্দ্যোপাধ্যায় এবং "লিপস অ্যান্ড বাউন্স" সংস্থার সম্পত্তির খতিয়ান নিয়ে প্রশ্ন তোলেন। নিয়োগ প্রক্রিয়ায় ত্রুটি থাকায় চাকরি যায় ৯৪ জন প্রাথমিক শিক্ষকের। এরপরই চাকরি হারাদের একাংশ সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়। গতকাল শীর্ষ আদালতের বেঞ্চ জানিয়েছে, হাইকোর্টে চলতে থাকা কয়েকটি মামলা, এই মামলার সঙ্গে জড়িত থাকায় সুপ্রিম কোর্টে তা নিঃষ্পত্তি না হওয়া পর্যন্ত হাইকোর্টে শুনানিতে স্থগিতাদেশ দেওয়া হল। তবে সি বি আই তদন্ত যেমন চলছে, তা চলবে।

oooooooooooooooooooooo

চার মাস পর সুপ্রীমকোর্টে ডি এ মামলার শুনানি কথা থাকলেও গতকাল শেষ পর্যন্ত তা পিছিয়ে গেছে। মামলাকারীদের তরফে দ্রুত শুনানির আর্জি জানানো হলেও দুই বিচারপতি ঋষিকেশ রায় ও এস ভি এন ভাট্টির বেঞ্চ জানান, এ ব্যাপারে পরে শুনানি হবে। দুর্গাপুজোর পর ডিসেম্বরে মামলার শুনানি হতে পারে।

উল্লেখ্য, ২০২২-এর বিশে মে হাইকোর্ট, রাজ্যকে কেন্দ্রের সমতুল ৩১ শতাংশ হারে কর্মীদের ডি এ দেওয়ার নির্দেশ দেয়। সেই রায়কে চ্যালেঞ্জ জানিয়ে রাজ্য সরকার সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়। ২০২২-এর তেশরা নভেম্বর শীর্ষ আদালতে মামলা দায়ের হওয়ার পর প্রথম শুনানি হয় ২৮-শে নভেম্বর। এরপরেও এই নিয়ে সুপ্রিম কোর্টে শুনানি হওয়ার কথা থাকলেও তা হয়নি।

এই রায়ের পরই সংগ্রামী যৌথ মঞ্চের পক্ষ থেকে হতাশা ব্যক্ত করা হয়েছে। দ্রুত শুনানীর জন্য আইনী সব ধরনের পদক্ষেপ নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন ভাস্কর ঘোষ।

(বাইট)

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেন, শুনানির জন্য দীর্ঘ সময় নেওয়া হচ্ছে অথচ কোনোভাবেই তাকে গুরুত্ব দেওয়া হচ্ছে না। এটা অত্যন্ত পরিতাপের বিষয়।

oooooooooooooooooooooo

কলকাতা হাইকোর্টে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সহ শাসক দলের একাধিক নেতার বিরুদ্ধে রাজ্যপাল সিভি আনন্দ বোসের মানহানির মামলার

শুনানি  শেষ হয়েছে। গতকাল রাজ্যপাল ও মুখ্যমন্ত্রীর আইনজীবীর  বক্তব্য শুনে নির্দেশ স্থগিত রাখেন বিচারপতি কৃষ্ণা রাও।  শুনানির সময় রাজ্যপালের আইনজীবী ধীরাজ ত্রিবেদী বলেন, মুখ্যমন্ত্রীর মন্তব্য বিদ্বেষমূলক ও মানহানিকর। দুই বিধায়কের শপথ সংক্রান্ত প্রশাসনিক বিষয়ের সঙ্গে অন্য বিষয় কেন টেনে আনা হল, তা নিয়েও প্রশ্ন তোলেন রাজ্যপালের আইনজীবী।

মামলা চলাকালীন, রাজ্যপালের উদ্দেশে যাতে কোন সম্মানহানিকর মন্তব্য না করা হয়, তারও নির্দেশ দেওয়ার দাবি জানান আইনজীবী।

পাল্টা মুখ্যমন্ত্রীর আইনজীবী দাবি করেন, জনসমক্ষে রয়েছে এমন ঘটনার কথাই মুখ্যমন্ত্রী বলেছেন। তাঁর মন্তব্য মানহানিকর হতে পারে না। মুখ্যমন্ত্রীর আইনজীবী রাজ্যপালকে আদালতে জিজ্ঞাসাবাদ করতে চান বলে জানালে বিচারপতি রাও স্মরণ করিয়ে দেন, রাজ্যপালকে আদালতে এনে জিজ্ঞাসাবাদ করা যায় না।

দু পক্ষের বক্তব্য শোনার পর আপাতত কোন নির্দেশ দেননি বিচারপতি।

oooooooooooooooooooooo

রাজ্য বিধানসভার অধিবেশন আগামী সোমবার ২২-শে জুলাই বসতে চলেছে। সর্বদলীয় বৈঠকের পর প্রথম দিন শোকপ্রস্তাব গ্রহণের মধ্য দিয়ে সভার অধিবেশন দিনের মতো মুলতুবি হয়ে যাবে। পরে কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে অধিবেশনের পরবর্তী কার্যসূচী স্থির করা হবে বলে পরিষদীয় দপ্তর সূত্রে জানা গেছে।

এই অধিবেশনে পয়লা জুলাই থেকে বলবৎ হওয়া তিনটি ফৌজদারি আইন নিয়ে সরকারের তরফে একটি প্রস্তাব আনা হতে পারে।

এদিকে, চার বিধানসভা কেন্দ্রে সাম্প্রতিক উপনির্বাচনে জয়ী প্রার্থীদের শপথ গ্রহণ পর্ব দ্রুত সম্পন্ন করা হবে বলে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। সাংবাদিকদের তিনি বলেন, পরিষদীয় দফতর, শপথ গ্রহণ অনুষ্ঠানের অনুমতি চেয়ে রাজ্যপাল সি ভি আনন্দ বোসের সঙ্গে যোগাযোগ করেছে। সেই অনুমতি পাওয়া না গেলে বিধানসভার অধিবেশনের শুরুতে তিনি নিজেই জয়ী প্রার্থীদের শপথ বাক্য পাঠ করাবেন।

oooooooooooooooooooooo

রাজীব কুমার আবারও রাজ্য পুলিশের মহানির্দেশক হলেন। রাজ্যপালের ন্‌দেশ অনুসারে রাজ্যের স্বরাষ্ট্র দফতরের পক্ষ থেকে গতকাল এই মর্মে এক বিজ্ঞপ্তি জারি করা হয়।

একই সঙ্গে তিনি তথ্য প্রযুক্তি দফতরের অতিরিক্ত মুখ্য সচিবের দায়িত্বও সামলাবেন বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

এদিকে, বর্তমান ডিজি সঞ্জয় মুখার্জি ডিজি দমকল হলেন।

উল্লেখ্য, লোকসভা নির্বাচনের আগে ১৮ই মার্চ নির্বাচন কমিশন রাজীব কুমারকে সরিয়ে দেয় । তার জায়গায় সঞ্জয় মুখার্জিকে ডিজির দায়িত্ব দেওয়া হয়। উপ নির্বাচন শেষ হতেই রাজীব কুমারকে ফের ডিজি পদ ফিরিয়ে দিল রাজ্য সরকার।

oooooooooooooooooooooo

রাজ্যে প্রশাসনিকস্তরে বেশকিছু রদবদল করা হয়েছে। শ্রম দপ্তরের নতুন সচিব হয়েছেন অবনীন্দ্র সিং। তিনি শ্রম দপ্তরের পাশাপাশি বর্ধমানের ডিভিশনাল কমিশনারের দায়িত্বও সামলাবেন। বর্তমান শ্রম সচিব বরুণ রায় অপ্রচলিত ও পুনর্নবীকরণযোগ্য শক্তি দপ্তরের অতিরিক্ত মুখ্য সচিব হচ্ছেন।

নতুন পরিবেশ সচিব হয়েছেন আইপিএস রাজেশ কুমার। তিনি দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের সদস্য সচিবের পদও সামলাবেন। পরিবেশ সচিব রোশনি সেন মৎস্য দপ্তরের অতিরিক্ত মুখ্যসচিবের পাশাপাশি পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান এবং এমডি পদের দায়িত্ব পাচ্ছেন। ছোটেন লামা আদিবাসী উন্নয়ন দপ্তরের পাশাপাশি এখন থেকে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের প্রধান সচিবের দায়িত্বেও থাকবেন। কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তরের নতুন সচিব হলেন জগদীশপ্রসাদ মিনা। এছাড়াও তিনি সংশোধনাগার দপ্তর এবং প্রেসিডেন্সি ডিভিশনের ডিভিশনাল কমিশনারের দায়িত্বও সামলাবেন। এই দফতরের সচিব প্রভাত কুমার মিশ্র সেচ দপ্তর দেখবেন। সংখ্যালঘু উন্নয়ন ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের নতুন সচিব হলেন গুলাম আলি আনসারি। মালদা ডিভিশনের অতিরিক্ত কমিশনারের দায়িত্বও তিনি সামলাবেন।

oooooooooooooooooooo

মাওবাদী হামলায় যাবজ্জীবন সাজা প্রাপ্ত জেলবন্দি অর্নব দামের পি এইচ ডি-র জন্য কাউন্সেলিং অবশেষে সম্পন্ন হয়েছে। ইতিহাসে গবেষণার কাউন্সেলিং-এর জন্য গতকাল অর্নবকে বর্ধমান কেন্দ্রীয় সংশোধনাগার থেকে বিশ্ববিদ্যায়ের কাদম্বিনী গাঙ্গুলী ভবনে নিয়ে আসা হয়। সঙ্গে ছিল সাদা পোষাকের পুলিশ। বিভাগীয় প্রধান সৈয়দ তানভির নাসরিন বলেন, ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। এরপর ১৯-শে জুলাই শুধুমাত্র ফিজ জমা দিতে হবে। তবে, তার জন্য বিশ্ববিদ্যালয়ে আসার প্রয়োজন নেই। অনলাইনেই ফিজ জমা দেওয়া যাবে।

অন্যদিকে, কাউন্সেলিং-এর পর অর্নব উচ্চতর শিক্ষা ও গবেষণার সুয়োগ করে দেওয়ার জন্য বিশ্ববিদ্যালয়ের প্রতি কৃতজ্ঞতা ব্যক্ত করে কারা দফতরের আধিকারিক ও রাজ্য সরকারকে তাদের সহযোগিতার জন্য ধন্যবাদ জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার জয়নগরের জালাবেড়িয়ায় প্রতারণার সঙ্গে যুক্ত এক দুষ্কৃতী পলাতক সাদ্দাম সর্দারের খোঁজে গিয়ে পুলিশ তার বন্ধ বাড়ির ঘরের মেঝেতে একটি সুড়ঙ্গের হদিশ পেয়েছে। ৪০ ফুট লম্বা এই সুড়ঙ্গটি সাদ্দামের খাটের তলা থেকে পাশের খাল পর্যন্ত বিস্তৃত। পুলিশের অনুমান, সাদ্দাম এই সুড়ঙ্গ দিয়ে খাল থেকে ডিঙি নৌকা ধরে মাতলা নদী হয়ে গাঢাকা দেয়। ইতিমধ্যে ওই ঘটনায় পুলিশ সাদ্দামের স্ত্রী রাবেয়া সর্দার ও তার ভাইয়ের স্ত্রী মাসুদা সর্দরকে গ্রেফতার করেছে ।ধৃতদের নিজেদের হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ চালাচ্ছে পুলিশ। আগেই জানানো হয়েছে, সাদ্দাম এই এলাকায় সোনার মূর্তি দেওয়ার নামে ক্রেতাদের ডেকে এনে সর্বস্ব লুট করে নিত বলে পুলিশের কাছে খবর ছিল। রবিবার রাতে সাদ্দামকে গ্রেফতার করতে এলে বাধা পায় কুলতলি থানার পুলিশ। পুরুষ, মহিলা মিলে পুলিশকে মারধর করে। পাশপাশি পুলিশকে লক্ষ্য করে গুলি চালায় সাদ্দামের ভাই সাইরুল। সাদ্দামকে পুলিশের হাত থেকে ছিনিয়ে নেওয়া হয়। ঘটনায় দুই সাব ইন্সপেক্টর সহ তিন পুলিশকর্মী জখম হয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশের সাংসদ খুনের ঘটনায় অন্যতম অভিযুক্ত মোহাম্মদ সিয়াম হোসেনকে সিআইডি গতকাল বনগাঁ আদালতে পেশ করে। ফরেনারস অ্যাক্ট এর আওতায় তাঁকে ৫ দিনের জন্য নিজেদের হেফাজতের আবেদন জানালে বিচারক তা মঞ্জুর করেন। সিআইডির অনুমান, অভিযুক্ত বনগাঁ সীমান্ত এলাকা দিয়েই বাংলাদেশ থেকে ভারতে এসেছিল। সেই কারণেই কিভাবে অভিযুক্ত এ দেশে এলো, তার সঙ্গে অন্য কেউ এসেছিল কিনা সেই সমস্ত কিছুই খতিয়ে দেখবে সিআইডির আধিকারিকরা।

উল্লেখ্য, নিউটাউনে বাংলাদেশী সাংসদ আনওয়রুলের খুনের ঘটনায় সি আই ডি তদন্ত করছে।

oooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনার কামারহাটিতে জয়ন্ত সিং ও তার সঙ্গীদের বিভিন্ন কীর্তির কথা প্রকাশ্যে আসার পরই এই প্রসঙ্গে দমদমের সাংসদ সৌগত রায় ছাড়া তৃণমূল কংগ্রেসের আর কোন নেতা-কর্মী, বিধায়ক বা পৌর প্রধান সংবাদমাধ্যমের কাছে মুখ খুলতে পারবেন না বলে হুইপ জারী হয়েছে। গতকাল কামারহাটির নজরুল মঞ্চে এক গুরুত্বপূর্ণ বৈঠকের পর সৌগতবাবু সাংবাদিকদের বলেন, অতীতে কোন ভুল হয়ে থাকলে, তা সংশোধন করা হবে। জয়ন্ত সিং প্রসঙ্গে তিনি বলেন, আইন, আইনের পথেই চলবে।

oooooooooooooooooooo

উত্তরবঙ্গের তরাই ও ডুয়ার্সে চা চাষে আবহাওয়া জনিত সমস্যা ও চা-কে শস্যবীমার আওতায় আনার পদ্ধতিগত রুপরেখা তৈরি করতে ভারতীয় চা পর্ষদ একটি কমিটি গঠন করেছে। কমিটিতে চা উৎপাদক, কৃষি বিজ্ঞানী, বিশেষজ্ঞ সহ পর্ষদের প্রতিনিধি রয়েছেন বলে কলকাতায় ভারতীয় চা পর্ষদ সূত্রে জানা গিয়েছে। আজ এই কমিটির প্রথম বৈঠকে বসার কথা।

উল্লেখ্য চা-কে ইতিমধ্যেই প্রধানমন্ত্রী শস্য বীমা যোজনার আওতায় আনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo